# জাতীয় ক্রীড়া পরিষদ
# পুরষ্কার নীতিমালা - ২০২৫

জাতীয় ক্রীড়া পরিষদ

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০

Website : http://nsc.gov.bd, e-mail: info@nsc.gov.bd

# জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার নীতিমালা - ২০২৫


**জাতীয় ক্রীড়া পরিষদ**

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০**

e-mail: info@nsc.gov.bd

Website: http://nsc.gov.bd

# জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার নীতিমালা-২০২৫

১. **শিরোনাম:** এ নীতিমালা 'জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার নীতিমালা-২০২৫' নামে অভিহিত হবে।

২. **পুরস্কারের নাম:** জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার (NATIONAL SPORTS COUNCIL AWARD)

৩. **পটভূমি:** যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনে থেকে জাতীয় ক্রীড়া পরিষদ দেশের ক্রীড়ার উন্নয়নে ও ক্রীড়াবান্ধব সুযোগ-সুবিধা বৃদ্ধিকল্পে প্রতিনিয়ত একনিষ্ঠভাবে কাজ করে যাচ্ছে। দেশের ক্রীড়াঙ্গনকে সমৃদ্ধ করতে অংশীজন হিসাবে সম্পৃক্ত থেকে কাজ করছে বিভিন্ন পর্যায়ের ক্রীড়া সংগঠন যার পরিচালনায় ভূমিকা রাখছে বিভিন্ন স্তরের সংগঠকগণ। একই সাথে ক্রীড়া সংগঠনের কার্যক্রমকে দৃশ্যমান করতে দলের ছোট-বড় সকল খেলোয়াড়ের অবদান রয়েছে। মাঠে ময়দানে ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনকে সকলের মাঝে সুষ্ঠু ও সুন্দরভাবে উপস্থাপন করতে সামাজিক দায়বদ্ধতা থেকে সহযোগিতার হাত বাড়িয়ে দিচ্ছে দেশের স্বনামধন্য বানিজ্যিক প্রতিষ্ঠানসমূহ। ক্রীড়াঙ্গনের এই সকল বিষয় সাধারণ জনগণকে জানাতে দিবা-রাত্রি পরিশ্রম করে থাকেন দেশের গণমাধ্যমের সংবাদকর্মীগণ। ক্রীড়াঙ্গনের সাথে এ সকল সম্পৃক্ততা দেশের ক্রীড়াঙ্গনকে করছে সমৃদ্ধ, দিচ্ছে বিশ্ব দরবারে সুপরিচিতি ও অঢেল সম্মান। দেশের ক্রীড়া সংশ্লিষ্ট সকল পর্যায়ের সংগঠন ও ব্যক্তির মাঝে উৎসাহ প্রদান, নিজেদের মধ্যে খেলোয়াড়ি মনোভাব নিয়ে আরো প্রতিযোগিতা বৃদ্ধি করা এবং ভবিষ্যৎ প্রজন্মের কাছে শ্রেষ্ঠত্বের দৃষ্টান্ত তুলে ধরতে জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক প্রতিবছর ক্রীড়া সংগঠন, ক্রীড়া সংগঠক, ক্রীড়া সাংবাদিক, ক্রীড়া ক্ষেত্রে পৃষ্ঠপোষকতা প্রদানকারী প্রতিষ্ঠান, কৃতি খেলোয়াড়, উদীয়মান খেলোয়াড়, ক্রীড়াক্ষেত্রে অবদানের জন্য আজীবন সম্মাননা ইত্যাদি বিষয়ে শ্রেষ্ঠত্বের স্বীকৃতিস্বরূপ 'জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার' বা NATIONAL SPORTS COUNCIL AWARD প্রদানের সিদ্ধান্ত গ্রহণসহ সকলের কাছে গ্রহণযোগ্য একটি নীতিমালা প্রণয়ন করা হয়েছে। যা পররর্তীতে প্রয়োজনে সংশোধন, পরিমার্জন, বিয়োজন ও সংযোজন করা যাবে।

৪. **সংজ্ঞা :** বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে এ নীতিমালায়-

(ক) **আজীবন সম্মাননা:** 'আজীবন সম্মাননা' বোঝাতে কোন খেলোয়াড় কিংবা কোন সংগঠকের জীবনব্যাপী ক্রীড়া বিষয়ক দীর্ঘমেয়াদি কার্যক্রম ও সাফল্যের স্বীকৃতি ;

(খ) **খেলোয়াড়/ক্রীড়াবিদ:** 'খেলোয়াড়/ক্রীড়াবিদ' বোঝাতে বাংলাদেশের কোন নাগরিক, যিনি 'জাতীয় ক্রীড়া পরিষদ আইন ২০১৮'-এর তফসিলভুক্ত কোন খেলায় জাতীয় কিংবা আন্তর্জাতিক কোন টুর্নামেন্টে একক, দলীয় বা রাষ্ট্রীয়ভাবে অংশগ্রহণ করেছেন বা করছেন এমন ব্যক্তি ;

(গ) **ক্রীড়া সংগঠক:** 'ক্রীড়া সংগঠক' বোঝাতে বাংলাদেশের কোন নাগরিক, যিনি 'জাতীয় ক্রীড়া পরিষদ আইন-২০১৮' এর তফসিলভুক্ত কোন খেলায় জাতীয় কিংবা আন্তর্জাতিক টুর্নামেন্টের ব্যবস্থাপনা ও সাংগঠনিক কার্যক্রমে সংযুক্ত আছেন বা ছিলেন এমন ব্যক্তি ;

(ঘ) **উদীয়মান খেলোয়াড়/ক্রীড়াবিদ:** 'উদীয়মান খেলোয়াড়/ক্রীড়াবিদ' বোঝাতে যে যুব 'জাতীয় ক্রীড়া পরিষদ আইন ২০১৮' এর তফসিলভুক্ত কোন খেলায় একক কিংবা দলীয়ভাবে জাতীয় কিংবা আন্তর্জাতিক টুর্নামেন্টে অংশগ্রহণ করে প্রতিভা ও নৈপূণ্যের স্বাক্ষর রেখেছেন এমন খেলোয়াড় ;

(ঙ) **ক্রীড়া অ্যাসোসিয়েশন/ফেডারেশন/ক্রীড়া সংস্থা:** 'অ্যাসোসিয়েশন/ফেডারেশন' বোঝাতে 'জাতীয় ক্রীড়া পরিষদ আইন ২০১৮' এর তফসিলভুক্ত ক্রীড়া অ্যাসোসিয়েশন/ফেডারেশন এবং 'ক্রীড়া সংস্থা' বোঝাতে সরকার কর্তৃক গঠিত বিভাগীয়, জেলা ও উপজেলা ক্রীড়া সংস্থাকে বোঝাবে ; সকল পর্যায়ের মহিলা ক্রীড়া সংস্থাসমূহও এর অন্তর্ভুক্ত হবে ;

(চ) **ক্রীড়া সাংবাদিক:** 'ক্রীড়া সাংবাদিক' বোঝাতে কোন প্রিন্ট বা ইলেকট্রনিক গণমাধ্যমে অতীতে ক্রীড়া সাংবাদিকতা বা স্বনির্ভর (freelance) সাংবাদিকতা পেশায় নিয়োজিত ছিলেন বা বর্তমানে আছেন এমন ব্যক্তি ;

(ছ) **ক্রীড়া পৃষ্ঠপোষক/স্পন্সর:** 'ক্রীড়া পৃষ্ঠপোষক/স্পন্সর' বোঝাতে যে সমস্ত প্রতিষ্ঠান ক্রীড়ার সম্প্রসারণ ও উন্নয়নে আর্থিক সহায়তা করে থাকে এমন প্রতিষ্ঠানকে বোঝাবে ;

(জ) **কমিটি:** 'কমিটি' বোঝাতে এ নীতিমালায় বর্ণিত কমিটিসমূহ ;

(ঝ) **ক্রীড়া ধারা ভাষ্যকার :** বেতার/ টেলিভিশন/ কোন ফেডারেশনের অনুষ্ঠানে সরাসরি ধারা বর্ণানা প্রদান করেন এমন ব্যক্তিকে বুঝাবে।

৫. **পুরস্কার প্রদানের ক্ষেত্র ও সংখ্যা :**

৫.১ আজীবন সম্মাননা: ০১ (এক) জন

৫.২ খেলোয়াড়/ক্রীড়াবিদ: ০৩ (তিন) জন

৫.৩ ক্রীড়া সংগঠক: ০২ (দুই) জন

৫.৪ উদীয়মান খেলোয়াড়/ক্রীড়াবিদ: ০২ (দুই) জন

৫.৫ ক্রীড়া অ্যাসোসিয়েশন/ ফেডারেশন/ক্রীড়া সংস্থা: ০১ (এক)টি

৫.৬ ক্রীড়া সাংবাদিক: ০১ (এক) জন

৫.৭ ক্রীড়া পৃষ্ঠপোষক/স্পন্সর: ০১ (এক) (জন/টি)

৫.৮ ক্রীড়া ধারাভাষ্যকার: ০১ (এক) জন

৬. **পুরস্কার মূল্যমান:** পুরস্কারের জন্য চূড়ান্তভাবে বাছাইকৃত প্রত্যেক ব্যক্তি/প্রতিষ্ঠান ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার চেক প্রাপ্য হবেন। এছাড়াও, পুরস্কার-প্রাপক প্রত্যেক ব্যক্তি/প্রতিষ্ঠানকে জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক অনুমোদিত (সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, সিনিয়র সচিব/সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং মাননীয় যুব ও ক্রীড়া উপদেষ্টা/মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত) সম্মাননা-সনদপত্র ও ক্রেস্ট প্রদান করা হবে।

৭. পুরস্কার প্রাপ্তির যোগ্যতা:

৭.১ আজীবন সম্মাননা: খেলোয়াড়/ক্রীড়াবিদ হিসেবে জীবনব্যাপী ক্রীড়া বিষয়ক কার্যক্রম ও সাফল্য, স্বীকৃতি/সনদ/অর্জনের প্রামাণ্য তথ্যাদি দাখিলযোগ্য হবে।

৭.২ খেলোয়াড়/ক্রীড়াবিদ

৭.২.১ জাতীয় টুর্নামেন্ট/প্রতিযোগিতায় অর্জন (একক/দলগত);

৭.২.২ আন্তর্জাতিক টুর্নামেন্ট/প্রতিযোগিতায় অর্জন (একক/দলগত);

৭.২.৩ দেশি/বিদেশি কোন স্বীকৃতি;

৭.২.৪ ক্রীড়া শিক্ষা সংক্রান্ত কোন সনদ;

৭.২.৫ ক্রীড়া ক্ষেত্রে বিশেষ কোন অবদান;

৭.২.৬ অন্যান্য (যদি কিছু থাকে);

৭.৩ ক্রীড়া সংগঠক

৭.৩.১ জাতীয় টুর্নামেন্ট/প্রতিযোগিতা আয়োজনের সাংগঠনিক সম্পৃক্ততা ও দক্ষতা;

৭.৩.২ আন্তর্জাতিক টুর্নামেন্ট/প্রতিযোগিতা আয়োজনের সাংগঠনিক সম্পৃক্ততা ও দক্ষতা;

৭.৩.৩ ক্রীড়া সংগঠক হিসেবে কোন ক্লাব, অ্যাসোসিয়েশন, ফেডারেশন বা ক্রীড়া সংস্থায় নিয়োজিত;

৭.৩.৪ কোন ক্লাব, অ্যাসোসিয়েশন, ফেডারেশন বা ক্রীড়া সংস্থার পরিচালনা পর্ষদ কিংবা কার্যনির্বাহী কমিটিতে অন্তর্ভুক্তি;

৭.৩.৫ জাতীয়/আন্তর্জাতিক কোন স্বীকৃতি;

৭.৩.৬ ক্রীড়া সংগঠক হিসেবে দেশে-বিদেশে বাংলাদেশের প্রতিনিধিত্ব করা ও বিশেষ কৃতিত্ব অর্জন;

৭.৩.৭ ক্রীড়া-হিতৈষী কোন কার্যক্রমে অংশগ্রহণ ইত্যাদি;

৭.৪ উদীয়মান খেলোয়াড়/ক্রীড়াবিদ :

৭.৪.১ বয়স ও অভিজ্ঞতা বিবেচনায় জাতীয় ও আন্তর্জাতিক কোন টুর্নামেন্টে অংশগ্রহণ করে অভাবিত সাফল্য অর্জন এবং প্রতিভা ও ভবিষ্যত নৈপুণ্যের নির্দেশক কার্যক্রম;

৭.৫ ক্রীড়া অ্যাসোসিয়েশন/ফেডারেশন/ক্রীড়া সংস্থা;

৭.৫.১ জাতীয় ক্রীড়া পরিষদের অধিভুক্তি;

৭.৫.২ জাতীয় ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ, আয়োজনের সংখ্যা ও সাফল্য;

৭.৫.৩ প্রশিক্ষণ আয়োজন;

৭.৫.৪ বার্ষিক ক্রীড়াপঞ্জি প্রণয়ন;

৭.৫.৫ প্রতিভা অন্বেষণ কর্মসূচি আয়োজন;

৭.৫.৬ বার্ষিক কর্ম-পরিকল্পনা তৈরি;

৭.৫.৭ কার্যনির্বাহী কমিটির নিয়মিত নির্বাচন অনুষ্ঠান;

৭.৫.৮ বার্ষিক আয়-ব্যয়ের হিসাব ও নিরীক্ষা প্রতিবেদন তৈরি;

৭.৫.৯ স্বচ্ছতা ও জবাবদিহিতা;

৭.৫.১০ অভ্যন্তরীণ সুশাসন ও ব্যবস্থাপনা;

৭.৫.১১ দাপ্তরিক কাজে তথ্য-প্রযুক্তির ব্যবহার ইত্যাদি।

৭.৬ ক্রীড়া সাংবাদিক:

৭.৬.১ ক্রীড়াক্ষেত্রে ইতিবাচক অবদান রেখেছেন এমন 'ক্রীড়া সাংবাদিক' যিনি কোন প্রিন্ট কিংবা ইলেকট্রনিক গণমাধ্যমে অতীতে ক্রীড়া সাংবাদিকতা পেশায় নিয়োজিত ছিলেন বা বর্তমানে ক্রীড়া সাংবাদিকতা করছেন।

৭.৭ ক্রীড়া পৃষ্ঠপোষক/স্পন্সর:

৭.৭.১ ক্রীড়া পৃষ্ঠপোষক/স্পন্সর হিসেবে ক্রীড়ার সম্প্রসারণ ও উন্নয়নে উল্লেখযোগ্য আর্থিক ও অন্যান্য সহায়তা প্রদান করে থাকে এমন প্রতিষ্ঠান।

৭.৮ ক্রীড়া ধারাভাষ্যকার:

৭.৮.১ বেতার/ টেলিভিশন/ কোন ফেডারেশনের অনুষ্ঠানে সরাসরি ধারা বিবরণ প্রদানকারী (অতীতে করেছেন এবং বর্তমানে করছেন) ব্যক্তিবর্গকে বুঝাবে।

৮. পুরষ্কার প্রাপ্তির অযোগ্যতা:

৮.১ রাষ্ট্রবিরোধী কার্যকলাপ/ফৌজদারি আইনে শাস্তিপ্রাপ্ত বা অভিযুক্ত বা ফৌজদারি অপরাধে দন্ডিত বা দেউলিয়া কোন ব্যক্তি;

৮.২ উপযুক্ত চিকিৎসক/কর্তৃপক্ষ কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষণা;

৮.৩ কোন খেলোয়াড়, সংগঠক বা পৃষ্ঠপোষক এর অনৈতিক বা শৃঙ্খলাজনিত কারণে কোন ফেডারেশন/অ্যাসোসিয়েশন/সংস্থা কর্তৃক প্রদত্ত শাস্তি বহাল থাকা;

৮.৪ কোন খেলোয়াড়, সংগঠক বা পৃষ্ঠপোষক জাতীয় ক্রীড়া পরিষদ/যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অনুমতি নিয়ে বিদেশে গিয়ে দেশে ফেরত না আসা বা পরে এসেছে এমন প্রমাণিত হওয়া অথবা শৃঙ্খলা ভঙ্গ করা এবং তা প্রমাণিত হওয়া;

৮.৫ ডোপ টেস্টে পজিটিভ;

৮.৬ কোন রাষ্ট্র বা সরকার কর্তৃক অবাঞ্ছিত ঘোষিত;

৮.৭ স্বাধীনতা, মুক্তিযুদ্ধ ও জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ এর চেতনাবিরোধী কোন ব্যক্তি/প্রতিষ্ঠান;

৮.৮ একবার এ পুরস্কার প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান এ পুরস্কার প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না;

৯. আবেদনের নিয়মাবলী ও বাছাই পদ্ধতি:

৯.১ জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক প্রণীত ও অনুমোদিত নির্ধারিত ফরমে আবেদন করা যাবে। আবেদনপত্রের নমুনা জাতীয় ক্রীড়া পরিষদের নিজস্ব ওয়েবসাইটে www.nsc.gov.bd এবং হার্ড কপি আকারে পাওয়া যাবে। ফরমের ফটোকপিও প্রযোজ্য হবে। এছাড়া, অনলাইনের মাধ্যমে আবেদন করা যাবে।

৯.২ প্রামাণ্য কাগজপত্র/তথ্যাদির কপি সংযুক্ত করতে হবে। প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করা যাবে।

৯.৩ প্রতি বছর ০৫ আগস্ট বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন তথা জুলাই গণঅভ্যুত্থানের শহিদদের স্মরণে অথবা সুবিধাজনক সময়ে এ পুরস্কার প্রদান করা হবে। পুরস্কার প্রদানের ক্ষেত্রে পূর্ববর্তী বছর/বছরসমূহের কার্যক্রম বিবেচনায় আনা হবে।

৯.৪ কোন ক্ষেত্রে উপযুক্ত প্রার্থী/প্রতিষ্ঠান পাওয়া না গেলে সংশ্লিষ্ট বছরে পুরস্কার প্রদান বিবেচনা করা হবে না।

**১০. পুরস্কার প্রদান কার্যক্রমের ব্যয়:**

১০.১ পুরস্কার প্রদান কার্যক্রমের জন্য জাতীয় ক্রীড়া পরিষদের বাজেটে বরাদ্দ নির্ধারিত থাকবে।

**১১. জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার প্রদানের আবেদনপত্র যাচাই-বাছাই ওয়ার্কিং কমিটি:**

১. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ - সভাপতি
২. উপসচিব (ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় - সদস্য
৩. বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশনের ০১ (এক) জন প্রতিনিধি - সদস্য
৪. জাতীয় ক্রীড়া পরিষদের মাননীয় চেয়ারম্যান কর্তৃক মনোনীত ০৪ (চার) জন ক্রীড়া ব্যক্তিত্ব (ন্যুনতম ০১ (এক) জন নারী হবেন) - সদস্য
৫. বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের ০১ (এক) জন প্রতিনিধি সদস্য - সদস্য
৬. ক্রীড়া পরিদপ্তরের ০১ (এক) জন প্রতিনিধি - সদস্য
৭. বাংলাদেশ ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের ০১ (এক) জন প্রতিনিধি - সদস্য
৮. পরিচালক (ক্রীড়া), জাতীয় ক্রীড়া পরিষদ - সদস্য-সচিব

**১১.১ কমিটির কার্যপরিধি:**

১১.১.১ প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইপূর্বক পূর্ণাঙ্গ খসড়া তালিকা প্রস্তুতকরণ;

১১.১.২ জাতীয় ক্রীড়া পরিষদের মাননীয় চেয়ারম্যানের অনুমোদনক্রমে অগ্রায়ণপত্রের মাধ্যমে পুরস্কার প্রদান সংক্রান্ত চূড়ান্ত প্রার্থী বাছাই কমিটির নিকট প্রেরণ;

**১২. জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার প্রদানের চূড়ান্ত প্রার্থী বাছাই কমিটি:**

১. মাননীয় উপদেষ্টা/মন্ত্রী/প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় - সভাপতি
২. সিনিয়র সচিব/সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় - সদস্য
৩. অতিরিক্ত সচিব (ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় - সদস্য
৪. মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান - সদস্য
৫. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর - সদস্য
৬. সচিব, বাংলাদেশ ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন - সদস্য
৭. মহাসচিব, বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশন - সদস্য
৮. সভানেত্রী, বাংলাদেশ মহিলা ক্রীড়া সংস্থা - সদস্য
৯. সরকার কর্তৃক মনোনীত ০২ (দুই) জন ক্রীড়া সংগঠক/ক্রীড়া ব্যক্তিত্ব - সদস্য
১০. জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক মনোনীত ০২ (দুই) জন ক্রীড়া সংগঠক/ক্রীড়া ব্যক্তিত্ব - সদস্য
১১. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ - সদস্য-সচিব

১২.১ **কমিটির কার্যপরিধি ও তালিকা চূড়ান্তকরণ:**

১২.১.১ আবেদনপত্র যাচাই-বাছাই ওয়ার্কিং কমিটি হতে প্রাপ্ত আবেদনপত্রসমূহের ওপর বিস্তারিত আলোচনাক্রমে সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী পুরস্কার-প্রাপক নির্বাচন করবেন;

১২.১.২ পুরস্কারের জন্য নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম চূড়ান্তকরণের পর জাতীয় ক্রীড়া পরিষদ এতদসংক্রান্ত প্রজ্ঞাপন জারি করবে এবং নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে অবশ্যই অবহিত করতে হবে;

১২.১.৩ পুরস্কারের জন্য নির্বাচিত কোন ব্যক্তি/প্রতিষ্ঠান পুরস্কার গ্রহণে অপারগতা প্রকাশ করলে পুরস্কারপ্রাপ্ত হিসেবে নাম ঘোষণা হবে না।

১২.১.৪ সকল কার্যাদি চূড়ান্তকরণের পর এবং পুরস্কার প্রদানের পূর্বে গণমাধ্যমে নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম প্রকাশ করা হবে এবং

১২.১.৫ পুরস্কারপ্রাপ্ত ব্যক্তির শারীরিক অসুস্থতার কারণ বা অন্য কোন কারণে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত থাকতে অসমর্থ হলে তাঁর মনোনীত উপযুক্ত উত্তরাধিকারী/প্রতিনিধি পুরস্কার গ্রহণ করতে পারবেন:

১৩. **বিশেষ ক্ষমতা প্রয়োগের অধিকার:**

১৩.১ চূড়ান্ত প্রার্থী বাছাই কমিটি প্রয়োজনে সুবিবেচনা প্রসূত জ্ঞান, প্রজ্ঞা প্রয়োগ করে প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে উপযুক্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন;

১৩.২ পুরস্কারপ্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান রাষ্ট্রবিরোধী কোন কর্মকাণ্ডে জড়িত হয়েছে মর্মে প্রমাণিত হলে বা কোন তথ্য গোপন করে এ পুরস্কার অর্জন করলে জাতীয় ক্রীড়া পরিষদ উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রদত্ত জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার প্রত্যাহার করতে পারবে;

১৩.৩ জাতীয় ক্রীড়া পরিষদের কার্যনির্বাহী কমিটি প্রয়োজনে এ নীতিমালা সংশোধন, পরিবর্তন ও পরিমার্জন করার ক্ষমতা সংরক্ষণ করেন;

১৪. এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে এবং ইতিপূর্বে জারীকৃত এতদসংক্রান্ত কোন নির্দেশনাবলি থাকলে এতদ্বারা বাতিল বলে গণ্য হবে।

**মোঃ আমিনুল ইসলাম, এনডিসি**
সচিব (যুগ্মসচিব)
জাতীয় ক্রীড়া পরিষদ
ফোন: ৪১০৫০৫৫২
ই-মেইল: secretary@nsc.gov.bd

পরিশিষ্ট-ক

# জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কারের আবেদন ফরম

পাসপোর্ট সাইজের ২কপি রঙিন ছবি

১। নাম (বাংলা) :........................................................................
ইংরেজিতে (Capital letter) :........................................................................
২। পিতার নাম :........................................................................
৩। মাতার নাম :........................................................................
৪। জাতীয় পরিচয়পত্র নম্বর :........................................................................
(কপি সংযুক্ত করতে হবে)
৫। জাতীয়তা :........................................................................
৬। জন্ম তারিখ :........................................................................
৭। বয়স :........................................................................
৮। স্থায়ী ঠিকানা :........................................................................
৯। বর্তমান ঠিকানা :........................................................................
১০। টেলিফোন/মোবাইল নং :........................................................................

১১। যে ক্ষেত্রে পুরস্কারের আবেদন করা হয়েছে (টিক চিহ্ন দিন): ক) আজীবন সম্মাননা খ) খেলোয়াড়/ ক্রীড়াবিদ গ) ক্রীড়া সংগঠক ঘ) উদীয়মান খেলোয়াড়/ক্রীড়াবিদ ঙ) ক্রীড়া এসোসিয়েশন/ফেডারেশন/ক্রীড়া সংস্থা চ) ক্রীড়া সাংবাদিক ছ) ক্রীড়া পৃষ্ঠপোষক/স্পন্সর জ) ক্রীড়া ধারাভাষ্যকার।

১২। পুরস্কার প্রদানের জন্য সুপারিশের স্বপক্ষে ক্রীড়াক্ষেত্রে অবদানের (স্বর্ণ/রৌপ্য/ ব্রোঞ্জসহ পদক) সংক্ষিপ্ত বিবরণ (প্রয়োজনে অতিরিক্ত তথ্য আলাদা কাগজে সংযুক্ত করা যাবে) (প্রমাণক সংযুক্ত করতে হবে)।

........................................................................................................

........................................................................................................

১৩। অন্য কোন পুরস্কার পেয়েছেন কিনা (প্রযোজ্য হলে বিবরণ): (প্রমাণক সংযুক্ত করতে হবে)।

........................................................................................................

১৪। এ মর্মে অঙ্গীকার করছি যে, আবেদনে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত কাগজপত্রাদি সঠিক।

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর

